অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টচেস্টার কাউন্টিতে রিজেনারনের 1.8 বিলিয়ন ডলারের সম্প্রসারণের কাজ শুরু হওয়ার কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্কের বৃহত্তম বায়োটেক কোম্পানি মিড-হাডসন অঞ্চলে বৃদ্ধি লাভ করা অব্যাহত রেখেছে, পাঁচ বছরে অন্তত 1,000টি নতুন চাকরি নিয়ে এসেছে

গভর্নর ক্যাথি হোকল আজ রিজেনারনের (Regeneron) পূর্বে ঘোষিত 1.8 বিলিয়ন ডলারের গবেষণা, প্রিক্লিনিক্যাল নির্মাণ এবং ট্যারিটাউনে কোম্পানির ওয়েস্টচেস্টার কাউন্টির ক্যাম্পাসে সহায়ক সুবিধার জন্য কাজ শুরুর ঘোষণা করেছেন। কোম্পানিটি বায়োটেকনোলজির ক্ষেত্রে একটি নেতা যা গুরুতর রোগে আক্রান্ত ব্যক্তিদের জন্য জীবন-পরিবর্তনকারী ওষুধ উদ্ভাবন ও উৎপাদন করে, ও আগামী পাঁচ বছরে মিড-হাডসন অঞ্চলে অন্তত 1,000টি নতুন পূর্ণ সময়ের, উচ্চ-দক্ষতার চাকরি তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্ক স্টেটে রিজেনারনের ক্রমাগত সম্প্রসারণকে উৎসাহিত করার জন্য, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কোম্পানির নিয়োগের লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ, পারফরম্যান্স-ভিত্তিক এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিটে 100 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করে প্রকল্পটিকে সমর্থন করছে। রিজেনারেন মিড-হাডসন অঞ্চলে সম্প্রসারণের সিদ্ধান্ত নেওয়ার আগে, ট্রাই-স্টেট অঞ্চলে কয়েকটি সম্ভাব্য স্থানকে বিবেচনা করেছিল।

"নিউ ইয়র্ক জীবন বিজ্ঞান শিল্পে একটি নেতা, আংশিকভাবে রিজেনারনের বহু দশকের বিনিয়োগ এবং বহু যুগান্তকারী বৈজ্ঞানিক অগ্রগতির কারণে," **গভর্নর হোকল বলেন।** "রেজেনারন কত দ্রুত এবং কার্যকরভাবে বিধ্বংসী রোগের বিরুদ্ধে তার ওষুধ আবিষ্কার এবং উন্নয়ন ইঞ্জিন স্থাপন করতে সক্ষম, কোভিড-19 সংকট ছিল তার একটি উদাহরণ। রিজেনারনের কাজ নিঃসন্দেহে নিউ ইয়র্ক এবং সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্রে অগণিত জীবন বাঁচিয়েছে এবং আমরা গর্বিত যে রিজেনারেশন ভালো চাকরি তৈরি করা এবং মিড-হাডসন অঞ্চলে বিনিয়োগ অব্যাহত রাখবে যখন তারা অন্ধত্ব-সৃষ্টিকারী রোগ, ক্যান্সার, জেনেটিক রোগ এবং আরও অনেক কিছুর বিরুদ্ধে আরো সাফল্যলাভের জন্য কাজ করবে।"

রিজেনারনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা লিওনার্ড এস স্লেইফার, এম.ডি, পিএইচ.ডি, বলেন, "তিন দশকেরও বেশি আগে আমাদের শুরু হওয়ার সময় থেকে আমরা একটি গর্বিত নিউ ইয়র্কের সংস্থা, যে সময়ে আমরা শিল্পের-নেতৃস্থানীয় ওষুধ আবিষ্কার প্রযুক্তি উদ্ভাবন করেছি এবং আমাদের নিজস্ব পরীক্ষাগারে সম্পূর্ণরূপে দশটি FDA-অনুমোদিত ওষুধ

তৈরি করেছি। নিউ ইয়র্ক স্টেট ধারাবাহিকভাবে উদ্ভাবনের মূল্যকে স্বীকৃতি দিয়ে, একটি অন্তর্ভুক্তিমূলক এবং গতিশীল বায়োমেডিকেল শিল্পকে উৎসাহিত করে এবং এই অঞ্চলে শীর্ষ প্রতিভা আকৃষ্ট করতে সহায়তা করে আমাদের সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"

ট্যারিটাউন রিজেনারনের কর্পোরেট এবং গবেষণা ও উন্নয়নের সদর দফতর হিসাবে কাজ করে এবং এখন যে সম্প্রসারণ পরিকল্পনা চলছে তাতে নতুন গবেষণাগার, প্রাক-ক্লিনিকাল নির্মাণ এবং প্রক্রিয়া উন্নয়নের স্যুট এবং অফিস স্পেস যোগ করা অন্তর্ভুক্ত। সর্বোচ্চ আটটি পর্যন্ত বিল্ডিং, তিনটি পার্কিং গ্যারাজ এবং মোট প্রায় 900,000 বর্গ ফুট জায়গা জুড়ে একটি কেন্দ্রীয় ইউটিলিটি প্ল্যান্টের নকশা ও নির্মাণ এই প্রোজেক্টের ব্যাপ্তির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

প্রকল্পটি ছয় বছরের মধ্যে দুটি পর্যায়ে আয়োজিত হবে বলে আশা করা হচ্ছে, যেখানে 2027 সালে নির্মাণ শেষ হবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের জন্য প্রায় 2 বিলিয়ন ডলারের আনুমানিক অর্থনৈতিক সুবিধা সহ রাজ্য এবং স্থানীয় সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ আর্থিক সুবিধা 283.3 মিলিয়ন ডলারের বেশি হবে বলে অনুমান করা হয়েছে।

রিজেনারন নিউ ইয়র্ক সিটিতে 1988 সালে প্রতিষ্ঠিত হয়েছিল; পরের বছর, নিউ ইয়র্ক স্টেট সংস্থাটিতে 250,000 ডলার বিনিয়োগ করে। আজ, রিজেনারন হল নিউ ইয়র্ক রাজ্যের বৃহত্তম বায়োটেক সংস্থা এবং বিশ্বের বৃহত্তম এবং সব চেয়ে বেশি উৎপাদনশীল সংস্থাগুলির মধ্যে একটি। কোম্পানিটি ধারাবাহিকভাবে সায়েন্স ম্যাগাজিনের সেরা বায়োফার্মাসিউটিক্যাল নিয়োগকারীদের মধ্যে স্থান পেয়েছে এবং দেশের সিভিক 50টি সর্বাধিক সম্প্রদায়-মনস্ক কোম্পানির তালিকায় অন্তর্ভুক্ত।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেছেন, "রেজেনারন একটি নিউ ইয়র্ক স্টেটের কোম্পানি যার জীবন রক্ষাকারী অগ্রগতি তৈরিতে সাফল্যের রেকর্ড রয়েছে যা সমগ্র বিশ্বকে উপকৃত করে। উপরন্তু, রেজেনারন একটি কোম্পানি যে আশেপাশের সম্প্রদায়গুলি এবং তার কর্মীদের উপর বিনিয়োগ করে। রিজেনারন শুধুমাত্র মিড-হাডসন অঞ্চলে যথেষ্ট অর্থনৈতিক প্রবৃদ্ধি আনতে থাকবে না বরং তারা এই অঞ্চলে একটি ভাল সম্প্রদায়ের অংশীদার হওয়া অব্যাহত রাখবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিনস বলেন, "এখানে ওয়েস্টচেস্টারে তাদের সম্প্রসারণের ক্ষেত্রে রেজেনারন উদ্ভাবনী কিছু করছে যা আমাদের অঞ্চলের জন্য একটি উত্তেজনাপূর্ণ পদক্ষেপ। তাদের 1.8 বিলিয়ন ডলারের বিনিয়োগ এবং 1,000টি কর্মসংস্থান তৈরি করা উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব ফেলবে, তারা যে বহু চিকিৎসাগত সমস্যায় আক্রান্ত ব্যক্তিদের সাহায্য করার জন্য যে গুরুত্বপূর্ণ কাজ করতে থাকবেন, তা ছাড়াও। রেজেনারন কোভিড-19-এর বিরুদ্ধে লড়াইয়ে একটি জাতীয় নেতাও হয়েছে এবং আমি এই প্রকল্পের সমাপ্তির অপেক্ষায় রয়েছি।"

স্টেট সিনেটর পিট হার্কহ্যাম বলেছেন, "ব্যবসায়িক বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টিতে রাজ্যের ক্রমাগত বিনিয়োগের সাহায্যে ওয়েস্টচেস্টার কাউন্টিতে বায়োটেক নেতা রেজেনারনের সম্প্রসারণ নিউ ইয়র্কে একটি উল্লেখযোগ্য মহামারীর পরবর্তী অর্থনৈতিক প্রত্যাবর্তনের

শক্তিশালী প্রমাণ হিসাবে দাঁড়িয়েছে। এক সাথে কাজ করে সরকারী এবং বেসরকারী অংশীদাররা বিশ্ববিখ্যাত উৎপাদনের ক্ষেত্রে হাডসন ভ্যালির ঐতিহ্যকে পুনরুজ্জীবিত করছে।"

অ্যাসেম্বলির সদস্য টম আবিনাটি বলেন, "অত্যাধুনিক ওষুধের জন্য আধুনিক বিজ্ঞানের প্রয়োজন। রিজেনারন উভয়ই প্রদান করছে -- এবং একই সাথে আমাদের অঞ্চলে একটি প্রধান অর্থনৈতিক ইঞ্জিন ও বটে। রিজেনারন প্রতিটি স্তরে প্রচুর সংখ্যক চাকরি প্রদান করে এবং যথেষ্ট অতিরিক্ত অর্থনৈতিক কার্যকলাপ তৈরি করে। এই প্রসারণ আরো বেশি চাকরি নিয়ে আসবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ওয়েস্টচেস্টার কাউন্টি নিউ ইয়র্কের বৃহত্তম বায়োটেক কোম্পানি - রিজেনারনের বাড়ি হতে পেরে গর্বিত। রিজেনারন বায়োফার্মাসিউটিক্যাল শিল্পের ভবিষ্যতকে বৃদ্ধি করছে এবং আকার দিচ্ছে এবং এটি করতে গিয়ে পূর্ণ-সময় এবং উচ্চ-দক্ষতার চাকরি যোগ করছে।পারফরম্যান্স-ভিত্তিক এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিটগুলিতে 100 মিলিয়ন ডলার পর্যন্ত সম্প্রসারণকে সমর্থন করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে তার নেতৃত্ব এবং দূরদর্শিতার জন্য ধন্যবাদ জানাই। আমরা সবাই রেজেনারন পরবর্তীতে কী করবে তা দেখার জন্য উন্মুখ।"

গ্রিনবার্গ শহরের সুপারভাইজার পল ফেইনার বলেছেন, "রিজেনারনের ক্যাম্পাসের সম্প্রসারণ গ্রিনবার্গের ইতিহাসে সব চেয়ে উল্লেখযোগ্য অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প। উপরন্তু, রিজেনারন জীবন বিজ্ঞানের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য এবং অগ্রগতি করছে এবং সেই প্রক্রিয়ায় নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করছে। আমি এই উল্লেখযোগ্য প্রকল্পটি এগিয়ে নেওয়ার জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে তার দলকে ধন্যবাদ জানাতে চাই।"

টাউন অফ মাউন্ট প্লেজেন্ট সুপারভাইজার কার্ল ফুলগেঞ্জি বলেছেন, "মাউন্ট প্লিজেন্ট টাউন আমাদের শহরের একটি প্রধান প্রস্তুতকারক এবং বায়োটেক সুবিধা হিসাবে রিজেনারনকে পেয়ে গর্বিত যা বছরগুলির সাথে ক্রমাগত এবং সফলভাবে প্রসারিত হয়েছে বহু কাজের সুযোগ প্রদান করে এবং আমাদের ট্যাক্স বেস প্রসারিত করে। আমরা ভবিষ্যতে তাদের বৃদ্ধির অপেক্ষায় রয়েছি এবং সামনে আরও উজ্জ্বল ভবিষ্যতের জন্য তাদের সাথে অংশীদারিত্বের জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন